

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে মুসল্লী ব্যক্তির যদি তাৎক্ষনিকভাবে কফ আসে, আর সে যদি তা তার বাম পায়ের নিচে পুতে দিতে না পারে, তবে সে তার কাপড়ে তা রেখে তার একাংশ আরেক অংশ দ্বারা ঘষে নিবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصلِّي إِذَا بَدَرَتْهُ بَادِرَةٌ وَلَمْ يَدْفِنْ بَزْقَتَهُ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى لَهُ أَنْ يَدْلُكَ بِهَا ثَوْبَهُ بَعْضَهُ بِبَعْضٍ

## আরবী

2267 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّتَنَا أَبُو خَيْتُمَةَ قَالَ: حَدَّتَنَا يَحْيَى الْقَطَّانُ عَنِ ابْنِ عَجْلَانَ قَالَ: حَدَّتَنَا عِيَاضُ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُعجبُه الْعَرَاجِينُ يُمسكها بِيَدِهِ فَدَخَلَ يَوْمًا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُعجبُه الْعَرَاجِينُ يُمسكها بِيدِهِ فَدَخَلَ يَوْمًا الْمَسْجِدَ وَفِي يَدِهِ مِنْهَا وَاحِدَةٌ فَرَأَى نُخَامَةً فِي قِبلةِ الْمَسْجِدِ فحتَّها بِهِ حَتَّى أَنْقَاهَا ثُمَّ الْمَسْجِدِ وَفِي يَدِهِ مِنْهَا وَاحِدَةٌ فَرَأَى نُخَامَةً فِي قِبلةِ الْمَسْجِدِ فحتَّها بِهِ حَتَّى أَنْقَاهَا ثُمَّ أَقْبَلَ عَلَى النَّاسِ مُغْضَبًا فَقَالَ: (أَيُحِبُ أَحَدُكُمْ أَنْ يَسْتَقْبِلَهُ الرَّجُلُ فَيَبْصَتُقَ فِي وَجْهِهِ إِنَّ أَعْدَكُمْ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ فَإِنَّمَا يَسْتَقْبِلُ بِهِ رَبَّهُ وَالْمَلَكُ عَنْ يَمِينِهِ فَلَا يَبْصَتُقْ بَيْنَ يَدَيْهِ وَلَا عَنْ يَمِينِهِ وَلَكِنْ عَنْ يَسَارِهِ تَحْتَ قَدَمِهِ الْيُسْرَى فَإِنْ عَجِلَتْ بِهِ بَادِرَةٌ فَلْيَقُلْ هَكَذَا) وَتَفَلَ فِي تَوْبِهِ ورد بعضه ببعض.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2267 ا خلاصة حكم المحدث: حسن صحيح \_ ((صحيح أبي داود)) (499).

## বাংলা

২২৬৭. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উরজুন গাছের ডাল হাতে গ্রহণ করা পছন্দ করতেন। একদিন তিনি মাসজিদে প্রবেশ করেন, এসময় তাঁর হাতে ঐ গাছের একটি ডাল ছিল। অতঃপর তিনি মাসজিদের কিবলার দিকে কফ দেখতে পান ফলে তিনি তা ঐ ডাল



দিয়ে খুঁচিয়ে তুলে পরিস্কার করেন। তারপর তিনি রাগান্বিত অবস্থায় লোকদের মুখোমুখী হন এবং বলেন, "তোমাদের কেউ কি পছন্দ করবে যে, কোন ব্যক্তি তার মুখোমুখি হোক অতঃপর তার মুখে সে থুথু নিক্ষেপ করুক? যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন সে এর মাধ্যমে আল্লাহর মুখোমুখি হয়। তার ডানে থাকে ফেরেস্তা। কাজেই সে যেন সামনে ও ডান দিকে থুথু নিক্ষেপ না করে। বরং সে যেন থুথু বাম দিকে তার বাম পায়ের নিচে রাখে। কিন্তু যদি তাৎক্ষনিকভাবে কফ আসে, তাহলে সে যেন এরকম করে, তারপর তিনি তাঁর কাপড়ে থুথু ফেলে কাপড়ের একাংশ দ্বারা আরেক অংশ ঘষা দেন।"[1]

## ফুটনোট

[1] আবূ ইয়ালা: ৯৯৩; মুসনাদ আহমাদ: ৩/৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২/৩৬৩; আবূ দাউদ: ৪৮০; সহীহ ইবনু খুযাইমাহ: ৮০; হাকিম: ১/২৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৯৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন